

কাল রাতের বেলা গান এল মোর মনে,
তখন তুমি ছিলে না মোর সনে ॥
যে কথাটি বলব তোমায় ব'লে
কাটল জীবন নীরব চোখের জলে
সেই কথাটি সুরের হোমানলে
উঠল জ্বলে একটি আঁধার ক্ষণে—
তখন তুমি ছিলে না মোর সনে ॥
ভেবেছিলাম আজকে সকাল হলে
সেই কথাটি তোমায় যাব বলে
ফুলের উদাস সুবাস বেড়ায় ঘুরে
পাখির গানে আকাশ গেল পুরে,
সেই কথাটি লাগল না সেই সুরে
যতই প্রয়াস করি পরানপণে—
যখন তুমি আছ আমার সনে ॥

Parjaay: Prem, Taal: Dadra, Raag: Bhairavi

Visit www.geetabitan.com for notation and other detail